# দ্বীপ উন্নয়ন সংস্থা বার্তা

মার্চ, ২০২২ সংখ্যা

---

## বাল্যবিবাহের মতো সামাজিক ব্যাধির বিরুদ্ধে হাতিয়া অঞ্চলের কিশোর-কিশোরীরা আজ সোচ্চার!

১৪ বছর বয়সী তাহমিনা আক্তার নোয়াখালী জেলার হাতিয়া উপজেলার পূর্ব সোনাদিয়া ইউনিয়নের এক কিশোরী। সে এখন এ গনি উচ্চ বিদ্যালয়ে ৮ম শ্রেণীতে পড়ে। তাহমিনার আরো দুটি ভাই আছে যারা সবাই মাদ্রাসায় পড়ে এবং দ্বিতীয় শ্রেণিতে পড়ুয়া একটি বোন আছে। তাহমিনা পূর্ব সোনাদিয়া কিশোরী ক্লাবের সভাপতি যেখানে প্রত্যেক সদস্যই মেয়ে। অতিমারি কোভিড -১৯ এর সময়ে তার অভিবাসী শ্রমিক বাবা বিদেশ থেকে ফিরে এসেছেন। তার মা একজন গৃহিণী।



তাহমিনা প্রয়োজনীয় শিক্ষাগ্রহণ শেষ করে একজন সফল স্কুল শিক্ষিকা হতে চাই। এটি তাঁর অনেক দিনের লালিত ইচ্ছা এবং সে নিজের পায়ে প্রতিষ্ঠিত হবার স্বপ্ন দেখে। তাহমিনা জীবনের লক্ষে পৌছাতে সর্বোত্তম চেষ্টা করছে কিন্তু তার এলাকার মানুষের বিরূপ মনোভাব তাকে স্বাচ্ছন্দের সাথে এগিয়ে যেতে দিচ্ছিল না। তার পরিবার তাকে এই কিশোরী বয়সেই বিয়ে দেবার সিদ্ধান্ত নিয়েছিল।



তাহমিনা আমাদের জানান যে, তার ক্লাবের প্রত্যেক সদস্যই এখন বাল্যবিবাহের মতো সামাজিক অনাচার সম্পর্কে ভালোভাবে সচেতন। ইউনিসেফ ও হাতিয়া উপজেলা প্রশাসনের অর্থায়নে রেডিও সাগরদ্বীপ ৯৯.২ এফএম সম্প্রচারিত "কমিউনিটি ভয়েজ" নামের অনুষ্ঠানের মাধ্যমে তারা বাল্যবিবাহের কুফল সম্পর্কে জানতে পেরেছে। এছাড়াও তারা জাতীয় হেল্প লাইন নম্বর ১০৯ এবং সংঘাত প্রতিরোধের জন্য ১০৯৮ জাতীয় হেল্প লাইন নম্বর সম্পর্কে জানতে পেরেছে।

এমতাবস্থায় তাহমিনা তার পরিবার যাতে অল্প বয়সে তাকে বিয়ে না দেয় তা বোঝাতে সর্বাত্মক চেষ্টা চালিয়েছে। তাহমিনা বহুবারের চেষ্টায় তার কিশোরী বয়সের প্রথম দিকে বিবাহিত হবার খারাপ প্রভাব সম্পর্কে তার বাবা এবং আশেপাশের লোকজনকে সচেতন করতে সফল হয়েছে। কিশোরী তাহমিনা বাল্যবিবাহের অভিশাপ থেকে রেহাই পেয়ে এখন নিজের স্বপ্ন পূরণের পথে সকল বাধা জয় করে আপন গতিতে এগিয়ে চলেছে।

দ্বীপ উন্নয়ন সংস্থা কর্তৃক হাতিয়ায় পরিচালিত কৈশোর কর্মসূচির প্রোগ্রাম অফিসার মিস মুনিয়া আক্তার জানান যে, হাতিয়া উপজেলায় বাল্যবিবাহের হার বেপরেয়াভাবে বেশি। তাহমিনার মতো অনেক উদাহরণ ছিল যারা বাল্যবিবাহের কারণে নিজেদের স্বপ্ন পুরণে ব্যর্থ হয়েছে। দ্বীপ উন্নয়ন সংস্থার কৈশোর কর্মসূচি ও রেডিও সাগরদ্বীপ এফএম ৯৯.২-এর মাধ্যমে পরিস্থিতি বদলে যাচ্ছে। মানুষ এখন বাল্যবিবাহের বিরুদ্ধে সচেতন হয়ে উঠেছে।

## কার্যক্রম বার্তা

সমন্বিত উন্নয়ন প্রক্রিয়ার অংশ হিসেবে দ্বীপ উন্নয়ন সংস্থা সৃষ্টিলগ্ন থেকে উপকূলবর্তী প্রান্তিক মানুষের জীবনমান উন্নয়নে নিরলসভাবে কাজ করে যাচ্ছে। শিক্ষা, স্বাস্থ্যসহ মানব সেবাকেন্দ্রিক বিভিন্ন প্রশংসনীয় উদ্যোগ পরিচালনার মাধ্যমে সংস্থাটি আপামর মানুষের আস্থার কেন্দ্রবিন্দুতে স্থান করে নিয়েছে।




সরকার ঘোষিত ভিটামিন-এ প্লাস ক্যাম্পেইনে দ্বীপ উন্নয়ন সংস্থার স্বাস্থ্য পরিদর্শকের সক্রিয় অংশ গ্রহণ |




দ্বীপ উন্নয়ন সংস্থা কর্তৃক সরবরাহকৃত অত্যাবশ্যকীয় স্বাস্থ্যসেবা কার্যক্রমের মাধ্যমে ধানসিঁড়ি ইউনিয়নের সুবিধাবঞ্চিত জনসাধারণের সুস্বাস্থ্য তথা সুখী ও সমৃদ্ধ জীবন নিশ্চিতে সমৃদ্ধি কর্মসুচিভুক্ত কর্মকর্তাগণ নিরলসভাবে কাজ করে যাচ্ছেন।






কৈশোর কর্মসূচির আওতায় স্বাস্থ্য উন্নয়ন ও পুষ্টি সচেতনতায় উঠান বৈঠক। এসব বৈঠকে কিশোরীদেরকে কৈশোরকালীন স্বাস্থ্য ও পুষ্টি সম্পর্কে সম্যক ধারণা প্রদান করা হয়ে থাকে। কর্মসুচিটির মাধ্যমে হাতিয়া দ্বীপের সম্ভাবনাময়ী এসব কিশোরীরা এখন নিজের কৈশোরকালীন স্বাস্থ্য তথা ভালমন্দ সম্পর্কে সচেতন হয়ে উঠেছে।






বার্ষিক কর্মী আন্ত:সম্পর্ক উন্নয়ন সম্মেলন-২০২২-এর মাধ্যমে সংস্থার লক্ষ্য ও উদ্দেশ্যকে সামনে রেখে পারস্পারিক সম্মানবোধ তথা সহযোগী মনোভাব পোষণের মাধ্যমে টেকসই উন্নয়ন লক্ষ্যমাত্রা অর্জনের গতি ত্বরান্বিত করতে অসামান্য অবদান রাখার উদাত্ত আহ্বান জানানো হয়।







শিশুর ঝরে পড়া রোধে চানন্দীর শাপলা বৈকালিক শিক্ষা সহায়তা কেন্দ্রে শিক্ষা কার্যক্রম পরিদর্শনকালীন স্থিরচিত্র। কর্মসুচিটির মাধ্যমে মূলত অস্বচ্ছল পরিবারের পিছিয়ে পড়া শিশুদের স্কুল থেকে ঝরে পড়া রোধে বৈকালিক সময়ে তাদের স্কুলের পড়া তৈরী করে দিতে সমৃদ্ধি কর্মসূচির শিক্ষিকাগণ অগ্রণী ভূমিকা রেখে চলেছেন।





সমৃদ্ধি কর্মসূচির আওতায় উন্নয়নে যুবসমাজ এবং প্রবীণ জনগোষ্ঠীর জীবনমান উন্নয়ন কর্মসূচির আওতায় মহান স্বাধীনতার সুবর্ণজয়ন্তী উদযাপন উপলক্ষে নবীন ও প্রবীণ জনগোষ্ঠীকে নিয়ে সংস্থার বার্ষিক ক্রীড়া ও সাংস্কৃতিক অনুষ্ঠান আয়োজন করা হয়। মূলত নবীণ ও প্রবীণদের মধ্যে পারস্পারিক শ্রদ্ধা ও সম্মানবোধ প্রদর্শন তথা একটি সুন্দর সমাজ কাঠামো বিনির্মাণের উদ্দেশ্যেই এমন আয়োজন।





গবাদি প্রাণী সুরক্ষাসেবা কার্যক্রম-Livestock Risk Mitigation Program (LRMP)-এর আওতায় প্রকল্প কর্ম-এলাকায় খামারী প্রশিক্ষণের খন্ডচিত্র বিশেষ।





ঝুঁকি হ্রাসকরণ পরিষেবার মাধ্যমে পশু চাষিদের মধ্যে স্থিতিস্থাপকতা জোরদারকরণ প্রকল্প "Strengthening Resilience of Livestock Farmers through Risk Reducing Services Project" সংক্ষেপে LRMP প্রকল্পটি মূলত সাধারণ পশু খামারীদেও দক্ষতা উন্নয়ন, পশু-প্রাণীর অসুস্থ্যতা ও মৃত্যু ঝুকিহ্রাস তথা স্থানীয় খামারিদেও মধ্যে পশুপালনে উৎসাহ প্রদানের লক্ষ্য ও উদ্দেশ্য নিয়েই দ্বীপ উন্নয়ন সংস্থার হাত মাধ্যমে প্রকল্পটি হাতিয়া অঞ্চলে যাত্রা আরম্ভ করে। উক্ত প্রকল্পের আওতায় গত ২৪ মার্চ, ২০২২ হাতিয়া উপজেলার নিঝুমদ্বীপ ইউনিয়নের চারটি স্থানে প্রায় দেড় হাজার (১৫০০) গরু-ছাগল-মহিষ-ভেড়াকে রোগবালাই থেকে রক্ষায় টিকা প্রদানের উদ্যোগ বাস্তবায়ন করল দ্বীপ উন্নয়ন সংস্থা। সুইস এজেন্সী ফর ডেভেলপমেন্ট এন্ড কো-অপারেশন (এসডিসি) ও দ্বীউস-এর আর্থিক প্রণোদনা এবং পিকেএসএফ-এর কারিগরি সহযোগিতায় উক্ত টিকাদান কার্যক্রমে স্থানীয় জনগণের স্বতঃস্ফূর্ত অংশগ্রহণ লক্ষ করা যায়। উপকূলে সুবিধাবঞ্চিত এসব মানুষগুলো সংস্থার এহেন উদ্যোগের ভুয়সী প্রশংসা করেন।

রচনা ও সম্পাদনায়ঃ মোঃ নাজমুল হক

**Dwip Unnayan Songstha-DUS**
**Phone: +88-02-48110362**
**Email: dus.eddus@gmail.com**
**Website :www.dusbangladesh.org**